



কৃষিই সমৃদ্ধি

□

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
কটন এগ্রোনমিস্টের কার্যালয়

কৃষিই সমৃদ্ধি



নম্বর ১২.০৭.৩০৩৩.৬০০.০১.০১০.২০.১১৮

তারিখ: ৮ বৈশাখ ১৪২৮

২১ এপ্রিল ২০২১

“কোটেশন বিজ্ঞপ্তি”

বিষয়: জিপসাম ও ম্যাগনেসিয়াম সালফেট সংগ্রহের জন্য কোটেশন দরপত্র আহ্বান।


তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুরে ২০২১-২২ মৌসুমে গবেষণা, মৌলবীজ, ভিত্তি বীজ ও হাইব্রীড বীজ উৎপাদন কার্যক্রম সম্পাদনের জন্য খামারের জমিতে ব্যবহারের নিমিত্তে “রাসায়নিক সার” সরবরাহের জন্য প্রকৃত সার ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে জরুরী ভিত্তিতে সীলমোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাচ্ছে। কোটেশন আগামী ২৭/০৪/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নবর্ণিত বর্ণনা ও শর্ত মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত কোটেশন/দরপত্র বাঞ্ছা গ্রহণ করা হবে এবং ঐ দিনই ১২.১৫ ঘটিকার সময়ে দরপত্র কমিটি কর্তৃক দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র/কোটেশন বাস্তব খোলা হবে।

বর্ণনাঃ

ক্রঃ নং	রাসায়নিক সারের নাম	পরিমাণ
১	জিপসাম (S ১৭%, Ca ২৩%) (গ্রীনক্যাল/জিপসার/সমমান)	৪৭৭৯.০০ কেজি
২	ম্যাগনেসিয়াম সালফেট (Mg ৯.৫%) (ম্যাগসার/ম্যাট্রিক্স/সমমান)	৫৩১.০০ কেজি

শর্তাবলীঃ

১. দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে প্রতিকেজি রাসায়নিক সার সরবরাহের একক দরসহ মোট দর স্পষ্ট অক্ষরে অংকে ও কথায় লিখতে হবে। সীলমোহরকৃত খামের উপরে “জিপসাম ও ম্যাগনেসিয়াম সালফেট সরবরাহ” কথাটি লিখতে হবে এবং বামপাশে দরদাতা প্রতিষ্ঠানের পূর্ণ ঠিকানা উল্লেখ করতে হবে। কোটেশনের সাথে দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ড্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ ও তফশিলী ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতার ছায়ালিপি সংযুক্ত করতে হবে। অন্যথায় কোটেশন বাতিল বলে গণ্য হবে।
২. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এ বর্ণিত শর্তাবলী এই কোটেশনের ক্ষেত্রে কার্যকর হবে।
৩. লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিজে/বেধ প্রতিনিধিকে দরপত্র দাখিল করতে হবে। তার পক্ষে অথবা মনোনীত বৈধ প্রতিনিধির স্বাক্ষর ছাড়া দরপত্র গৃহীত হবে না।
৪. সর্বনিম্ন দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পর কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশের নির্ধারিত সময়সীমার মধ্যে নিজ খরচে স্থানীয় তদারকী কমিটির উপস্থিতিতে ষ্টোর কীপারের নিকট উল্লেখিত সার বুঝিয়ে দিতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে। বর্ণিত সারের পরিমাণ কমবেশি অনুমোদন করা হলে সেক্ষেত্রেও দরদাতার কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
৫. কোন অবস্থাতেই মেয়াদ উত্তীর্ণ সার গ্রহণযোগ্য হবে না এবং প্রতিটি সারের মেয়াদোত্তীর্ণের সময় সীমা ০২ বৎসর থাকতে হবে। প্রয়োজনে কর্তৃপক্ষ সারের একটিভ ইনস্ট্রিউমেন্ট এর সঠিক মাত্রা নিরূপণের জন্য কেমিক্যাল টেস্ট করবেন। এতে ভেজাল অথবা একটিভ ইনস্ট্রিউমেন্টের মাত্রা কম হলে কেমিক্যাল টেস্টের জন্য ব্যয়িত অর্থ দরদাতা প্রদান করবেন।
৬. সৃষ্টিভাবে সার সরবরাহ করা হয়েছে এই মর্মে মালামাল গ্রহণ কমিটির সনদপত্রসহ ৩ (তিন) কপি বিল নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে। সদর দপ্তর, ঢাকা হতে বিলের বরাদ্দ ও অর্থ মঞ্জুরী প্রাপ্তি স্বাপেক্ষে বিল ড্রেজারীর মাধ্যমে পরিশোধের ব্যবস্থা নেয়া হবে। কোন প্রকার অগ্রিম বিল প্রদান করা হবে না। বিলের জন্য কর্তৃপক্ষকে চাপ প্রয়োগ করা যাবে না। বিলে সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
৭. নিম্নস্বাক্ষরকারী সর্বনিম্ন দর গ্রহণে বাধ্য নহেন এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
৮. কোভিড-১৯ বিবেচনায় কোটেশন দরপত্র গ্রহণের তারিখ ও সময় পরিবর্তনযোগ্য।



২১-৪-২০২১

গাজী মোঃ ফরহাদ হোসেন

কটন এগ্রোনমিস্ট

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব), তুলা উন্নয়ন বোর্ড
- ২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, শ্রীপুর, গাজীপুর।
- ৩) উপজেলা কৃষি কর্মকর্তা, শ্রীপুর, গাজীপুর ও সদস্য, দরপত্র মূল্যায়ন কমিটি, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর।
- ৪) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শ্রীপুর, গাজীপুর ও সদস্য, দরপত্র মূল্যায়ন কমিটি, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর।
- ৫) উপজেলা মৎস্য কর্মকর্তা/প্রতিনিধি, শ্রীপুর, গাজীপুর ও সদস্য, দরপত্র মূল্যায়ন কমিটি, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর।
- ৬) উপজেলা হিসাব রক্ষণ অফিসার, শ্রীপুর, গাজীপুর।
- ৭) বৈজ্ঞানিক কর্মকর্তা (অঃদাঃ) ও আহবায়ক, দরপত্র মূল্যায়ন কমিটি, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর।
- ৮) তুলা উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব, দরপত্র মূল্যায়ন কমিটি, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর।
- ৯) সহকারী বীজতুলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তা, কটন এগ্রোনমিস্ট এর দপ্তর, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, তুলা উন্নয়ন বোর্ড, শ্রীপুর, গাজীপুর - বিজ্ঞপ্তিটি খামারের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১০) মেসার্স-----, -----
- ১১) নোটিশ বোর্ড, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর।